

আন্তর্জাতিক

ফের ভিডিও বার্তা মোদির, এবার যা বললেন

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ভারতের পরীক্ষাব্যবস্থার সংস্কার ও প্রশ্নপত্র ফাঁস প্রতিরোধ নিয়ে আয়োজিত আলোচনায় ইতিবাচক সাড়া দেওয়ায় দেশের তরুণ সমাজকে ধন্যবাদ জানিয়েছেন দেশটির প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

গুৱেবার মধ্যরাতে সামাজিক যোগাযোগমাধ্যম ইনস্টাগ্রামে পোস্ট করা এক ভিডিও বার্তায় তিনি শিক্ষার্থীদের প্রতি এই কৃতজ্ঞতা প্রকাশ করেন।

ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী মোদি বলেন, «বন্ধুরা, ধন্যবাদ। গত রাতে আপনাদের সঙ্গে কথা বলার একটি সুযোগ হয়েছিল। আপনারা আমার ভিডিওটি দেখে যেভাবে ইতিবাচক মতামত ও গুরুত্বপূর্ণ পরামর্শ দিয়েছেন, তার জন্য সবাইকে আন্তরিক ধন্যবাদ। আপনাদের ভালোবাসা ও সমর্থন যেন এভাবেই বজায় থাকে এবং আমাদের এই সম্পর্ক আরো দৃঢ় ও সক্রিয় হয়ে ওঠে।»

ভিডিওটির ক্যাপশনে তিনি লেখেন, «গতকালকের ভিডিওটি দেখে মূল্যবান পরামর্শ পাঠানো সব তরুণকে ধন্যবাদ।»

এর আগে গত বৃহস্পতিবার প্রকাশিত অন্য এক ভিডিও বার্তায় প্রশ্নপত্র ফাঁস রোধে ভারতের কেন্দ্রীয় সরকারের কঠোর পদক্ষেপের কথা ঘোষণা করেন নরেন্দ্র মোদি। সাম্প্রতিক ‘নিট’ পরীক্ষায় অনিয়মের অভিযোগ এবং তা কেন্দ্র করে দেশজুড়ে গড়ে ওঠা বিক্ষোভের প্রেক্ষাপটে এই উদ্যোগের কথা জানান তিনি।

মোদি জানান, প্রশ্নপত্র ফাঁসের মতো গুরুতর অপরাধে জড়িতদের বিরুদ্ধে দ্রুত বিচার নিশ্চিত করতে ফাস্ট-ট্র্যাক আদালত গঠন করা হবে। সেই সঙ্গে কঠোর শাস্তির বিধান রেখে শিগগিরই মন্ত্রিসভায় একটি খসড়া বিল তোলা হবে। আগামী সপ্তাহেই বিলটি সংসদে পাস করার চেষ্টা চালানো হবে বলেও তিনি উল্লেখ করেন।

বৃহস্পতিবারের বার্তায় শিক্ষার্থীদের উদ্দেশে ভারতের প্রধানমন্ত্রী বলেন, ‘বন্ধুরা, আমি জানি প্রশ্নপত্র ফাঁস কোনো সাধারণ বিষয় নয়। লাখ লাখ শিক্ষার্থী ও তাদের পরিবারের জন্য এটি অত্যন্ত কষ্টের।’

তিনি আরো জানান, গত আড়াই মাসে সরকার এই অনিয়মে জড়িতদের বিরুদ্ধে একাধিক আইনি ব্যবস্থা নিয়েছে এবং অভিযুক্তদের গ্রেপ্তার করে কারাগারে পাঠানো হয়েছে। পাশাপাশি প্রায় ২২ লাখ শিক্ষার্থীকে পুনরায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হয়েছে, যার ফলাফল গত ১৯ জুলাই প্রকাশিত হয়।

এরই অংশ হিসেবে সংশ্লিষ্ট দপ্তরগুলোকে দ্রুত বিচার ও কঠোর শাস্তি নিশ্চিত করতে প্রয়োজনীয় আইন তৈরির নির্দেশ দেওয়া হয়েছে। প্রস্তাবটি মন্ত্রিসভায় অনুমোদিত হলে সংসদে পাস করার জন্য উত্থাপন করা হবে।

সূত্র: টাইমস অব ইন্ডিয়া

এ বিভাগের আরও খবর



হুথীদের বিরুদ্ধে বড় হামলার প্রস্তুতি সৌদি আরবের
ইরান-সমর্থিত ইয়েমেনের হুথি বিদ্রোহীদের বিরুদ্ধে বড় ধরনের সামরিক অভিযান চালানোর প্রস্তুতি নিচ্ছে সৌদি আরব। এ হামলার পরিকল্পনা নিয়ে কাজ করছে র...



গাজায় ইসরায়েলি বিমান হামলায় নিহত পাঁচ ফিলিস্তিনি
গাজার একটি অ্যাপার্টমেন্ট ভবনে ইসরায়েলি বিমান হামলায় পাঁচ ফিলিস্তিনি নিহত হয়েছেন। শনিবার ভোরে গাজা সিটিতে এ হামলা হয়। স্থানীয় স্বাস্থ্য ও বে...



সৌদি আকাশে ছবিদের চার ড্রোন, দুই ক্ষেপণাস্ত্র ভূপাতিত
সৌদি আরবের দক্ষিণাঞ্চল লক্ষ্য করে ইয়েমেনের ছবিদের ছোড়া চারটি ড্রোন ও দুটি ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র প্রতিহত ও ধ্বংসের দাবি করেছে সৌদি নেতৃত্ব...



ক্রমণে গিয়ে মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে প্রাণ গেল ৮ শিক্ষার্থীর
ভারতের মহারাষ্ট্রে সমুদ্রে ডুবে আট শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার রাজ্যটির রায়গড় জেলার দিভেগার সমুদ্রসৈকতে এ ঘটনা ঘটে। পরে তাদের মরদে...